

Short question and answer
DSC 2nd Semester –Module 1

Q. জাতীয় আয় কাকে বলে?

- জাতীয় আয় হল কোন দেশের বা জাতির সামগ্রিক আয়। কোন দেশের জনসাধারণ উৎপাদন কাজে অংশগ্রহণ করে কোন নির্দিষ্ট বছরে যে পরিমাণ দ্রব্যসামগ্রী ও সেবা কার্য উৎপাদন করে তার অর্থ মূল্যের সমষ্টি হল জাতীয় আয়।

Q. GDP, GNP, NNP, NDP পুরো নাম লেখ।

- GDP-Gross Domestic Product
- GNP-Gross National Product
- NNP-Net National Product
- NDP-Net Domestic Product

Q. স্থূল অন্তর্দেশীয় উৎপাদন (GDP) বলতে কী বোঝায়?

- কোন আর্থিক বছরে কোন দেশের ভৌগোলিক সীমানার মধ্যে যে শেষ উৎপন্ন দ্রব্য ও সেবা কার্য উৎপন্ন হয় তার অর্থমূল্যের সমষ্টি হলো স্থূল অন্তর্দেশীয় উৎপাদন বা মোট অভ্যন্তরীণ উৎপাদন।

Q. স্থূল জাতীয় উৎপাদন(GNP) কাকে বলে ?

- কোন একটি দেশে এক বছরের মধ্যে যে পরিমাণ শেষ উৎপন্ন দ্রব্য সামগ্রী ও সেবাকার্য উৎপন্ন হয় তার অর্থ মূল্য হল স্থূল জাতীয় উৎপাদন।

Q. অবচয় (Depreciation)কাকে বলে?

- দ্রব্য সামগ্রী উৎপাদন করার জন্য মূলধনী দ্রব্যের যে ক্ষয়ক্ষতি হয় তাকে বলা হয় অবচয়।

Q. নিট জাতীয় উৎপাদন (NNP) কাকে বলে ?

- স্থূল জাতীয় উৎপাদন হতে অবচয় বাদ দিলে পাওয়া যায় নিট জাতীয় উৎপাদন।

Q. নিট অন্তর্দেশীয় উৎপাদন (NDP) বলতে কী বোঝায়?

- স্থূল অন্তর্দেশীয় উৎপাদন থেকে মূলধনের ক্ষয়ক্ষতি বা অবচয় বাদ দিলে নিট অন্তর্দেশীয় উৎপাদন পাওয়া যায়।

Q. GNP ও GDP র মধ্যে সম্পর্ক কি ?

- $GNP = GDP +$ বিদেশ থেকে প্রাপ্ত নিট আয়। যদি এই নিট আয় ধনাত্মক হয় তাহলে $GNP > GDP$ হবে। যদি বিদেশ থেকে প্রাপ্ত নিট আয় ঋণাত্মক হয় তাহলে $GNP < GDP$ হবে, যদি নিট প্রাপ্তি শূন্য হয় তাহলে $GNP = GDP$ হবে।

Q. মাথাপিছু আয় (Per Capita Income) কাকে বলে?

- কোন দেশের জাতীয় আয়কে সেই দেশের জনসংখ্যা দিয়ে ভাগ করলে মাথাপিছু আয় পাওয়া যায়। অর্থাৎ, মাথাপিছু আয় = জাতীয় আয় / দেশের জনসংখ্যা

Q. হস্তান্তর আয় (Transfer Income) বলতে কি বোঝায়?

- কোন রূপ উৎপাদন কার্যে অংশগ্রহণ না করে যে আয় হয় তাকে হস্তান্তর আয় বলে। যেমন বেকার ভাতা, ভিখারি রায়, বার্ষিক্য ভাতা ইত্যাদি।

Q. ভিখারির আয় কে কি জাতীয় আয়ের অন্তর্ভুক্ত করা হয়?

- ভিখারির আয় কে জাতীয় আয়ের অন্তর্ভুক্ত করা হয় না কারণ ভিখারীর আয় হস্তান্তর আয়।

Q. উকিলের আয় কে কি জাতীয় আয়ের অন্তর্ভুক্ত করা হয়?

উকিলের আয় কে জাতীয় আয়ের অন্তর্ভুক্ত করা হয় কারণ উকিল সেবা কার্যের বিনিময়ে আয় করে থাকে।